



## ভর্তি

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা, আবেদনে অনুসরণ করতে হবে ৫টি ধাপ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট : ১২ নভেম্বর ২০২৫, ১৪ : ৪৯ ◇



প্রথম আলো ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্তর্গ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে গত বুধবার (২৯ অক্টোবর) থেকে। আবেদন প্রক্রিয়া চলবে ১৬ নভেম্বর পর্যন্ত। অনলাইনে আবেদন ও নির্দিষ্ট ফি পরিশোধ করতে পারবেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এ-সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের কয়েকটি ধাপের কথা বলা হয়েছে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে। এসব পরামর্শ অনুসরণ করে শিক্ষার্থীদের ভর্তির জন্য আবেদন করতে বলা হয়েছে। আন্তর্গ্রাজুয়েট

প্রোগ্রামে ভর্তি আবেদন কীভাবে করবেন শিক্ষার্থীরা, তার বিস্তারিত জানিয়ে দেওয়া হয়েছে ভর্তিসংক্রান্ত ওয়েবসাইটে।

আবেদনের জন্য ৫টি ধাপের কথা বলা হয়েছে। এগুলো হলো—

## ১. লগইন

- লগইন করে প্রয়োজনীয় তথ্য দিতে হবে—মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের রোল, শিক্ষা বোর্ড।

## ২. বিস্তারিত

- প্রশ্ন ও উত্তরপত্রের ভাষা (যে ভাষায় পরীক্ষা দিতে ইচ্ছুক শিক্ষার্থী)
- বর্তমান ঠিকানা
- মুঠোফোন নম্বর, ই-মেইল (অবশ্যই ব্যক্তিগত)
- পিতামাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক) ও পেশা
- কোটা (বিস্তারিত ভর্তি নির্দেশনায়)
- যে বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক।

## ৩. ছবি

- প্রস্থ ৪৬০-৪৮০ পিক্সেল
- উচ্চতা ৬০০-৬২০ পিক্সেল
- সাইজ : ৩০-২০০ কেবি
- টাইপ : .jpg or .jpeg

## ৪. পাসওয়ার্ড

- গ্রামীণফোন, টেলিটক ও বাংলালিংকের মুঠোফোন থেকে খুদে বার্তা (এসএমএস) করা যাবে।
- এ ক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর ব্যক্তিগত মুঠোফোন নম্বর ব্যবহার করতে হবে।

## ৫. ফি প্রদান—

শেষে আবেদন ফি জমা দিতে হবে। মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, ডেবিট/ক্রেডিট কার্ড দিয়ে ফি জমা দেওয়া যাবে। সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, রূপালী ব্যাংকের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

## ভর্তি পরীক্ষার সময়সূচি—

সময়সূচি অনুযায়ী ‘কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট’-এর ভর্তি পরীক্ষা আগামী ১৩ ডিসেম্বর শনিবার, ‘বিজ্ঞান ইউনিট’-এর ভর্তি পরীক্ষা ২০ ডিসেম্বর শনিবার, ‘ব্যবসায় শিক্ষা ইউনিট’-এর ভর্তি পরীক্ষা আগামী ৬ ডিসেম্বর শনিবার এবং ‘চারুকলা ইউনিট’-এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অংকন) আগামী ২৯ নভেম্বর শনিবার অনুষ্ঠিত হবে। সব ইউনিটের পরীক্ষা বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

আইবিএ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ নভেম্বর ২০২৫, শুক্রবার অনুষ্ঠিত হবে। পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

## আবেদন ফি—

আবেদন ফি ১ হাজার ৫০ টাকা। চারটি রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যেকোনো শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দেবেন।

## পরীক্ষার কেন্দ্র—

চারুকলা ইউনিট ও আইবিএ ইউনিট ব্যতীত অন্য তিনটি ইউনিটের ভর্তি পরীক্ষা ঢাকাসহ আটটি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কেন্দ্রগুলো হচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

## পরীক্ষা কর্ত নথরে—

এর আগে এ-সংক্রান্ত সভায় চারুকলা ইউনিট ছাড়া অন্যান্য ইউনিটের ভর্তি পরীক্ষায় ৬০ নথরের বহুনির্বাচনী প্রশ্ন (এমসিকিউ) ও ৪০ নথরের লিখিত পরীক্ষা হবে। শুধু চারুকলা ইউনিটের পরীক্ষায় ৪০ নথরের বহুনির্বাচনী প্রশ্ন ও ৬০ নথরের অক্ষন পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত হয়। চারুকলা ইউনিটের বহুনির্বাচনী প্রশ্নের পরীক্ষার জন্য ৩০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৬০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। অন্যান্য ইউনিটের বহুনির্বাচনী প্রশ্ন পরীক্ষার জন্য ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪৫ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে। ভর্তি পরীক্ষায় মোট ১২০ নথরের ভিত্তিতে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে। এর মধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ এবং মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ফলের ওপর থাকবে ২০ নথর।

